

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৩৪

আমবাসা, ১০ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০  
আমবাসা পুরপরিষদে প্রস্তুতি সভা

আমবাসা পুরপরিষদ এলাকায় দ্বিতীয় পর্যায়ের প্রতি ঘরে সুশাসন অভিযান নিয়ে আজ এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। আমবাসা টাউনহলে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন পুরপরিষদের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন গোপাল সূত্রধর। সভায় উপস্থিত ছিলেন পুরপরিষদের সদস্য সদস্যগণ, পুরপরিষদের সিইও তথা আমবাসা মহকুমার মহকুমা শাসক সঞ্জীব দেববর্মা, ডেপুটি সিইও সমীরণ রায় ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় আমবাসা পুরপরিষদ ভিত্তিক বিকাশ মেলা আয়োজন করা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় মহকুমা শাসক কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা পুরপরিষদ এলাকার মানুষের কাছে পৌঁছে দিতে বিকাশ মেলার ভূমিকা নিয়ে আলোচনা করেন।

\*\*\*\*\*